বার্ষিক প্রতিবেদন

২৪ চৈত্র ১৪০৮ - ৬ চৈত্র ১৪০৯/ ৭ এপ্রিল ২০০২ - ২০ মার্চ ২০০৩

নারীপক্ষ

১৭০ গ্রীন রোড, ঢাকা -১২০৫

সূচীপত্র

১) <u>নারীপক্ষ'র নিয়মিত অনুষ্ঠান</u>

i) আলোর স্মরণে কাটুক আঁধার

ii) মুক্ত ফোরাম

iii) নারী নির্যাতন প্রতিবাদ দিবস পালন

iv) ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস

২) <u>প্রশিক্ষণ ও কর্মশালা</u>

i) নারীপক্ষ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ ও কর্মশালা

ii) নারীপক্ষ'র সদস্য ও কর্মীদের বাংলাদেশের বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ

iii) নারীপক্ষ সদস্যদের দেশের বাইরে বিভিন্ন সভা, প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ।

৩) আন্দোলন কর্মসূচী

৪) নতুন প্রকল্প গ্রহণ

৫) শোক বার্তা ও শোক সংবাদ

৬) সদস্য সংবাদ

৭) সদস্যদের বিশেষ অর্জন

১) <u>নারীপক্ষ'র নিয়মিত অনুষ্ঠান</u> ঃ

i) আলোর স্মরণে কাটুক আঁধার ঃ

মুক্তিযুদ্ধে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণে **'আলোর স্মরণে কাটুক আঁধার '** অনুষ্ঠানটি গত ৪ পৌষ ১৪০৯/ ১৮ ডিসেম্বর ২০০২ তারিখে কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিত হয়। এবারের অনুষ্ঠানের মূল প্রতিপাদ্য বিষয় ছিল **'ধর্মনিরপেক্ষতা'**। এই অনুষ্ঠানের শুরুতে "আগুনের পরশমনি" গানটির সাথে সাথে প্রত্যেকে একটি করে মোম জ্বালিয়ে হারিয়ে যাওয়া স্বজনদের স্মরণ করে। গানটি পরিবেশন করে "সুরের ধারা" নামক সঙ্গীত একাডেমী। বক্তব্য রাখেন কথা সাহিত্যিক সেলীনা হোসেন, উলফাৎ আজিজ বীর প্রতীক ও একটি নারী সংগঠনের সমন্বয়ক মাহবুবা নিরু এবং রীনা রায়ের বক্তব্য পাঠ করেন শামসুন নেসা। ঘোষণা পাঠ করেন রওশন আরা বেবী। সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠানটি শেষ হয়। এ বিষয়ে প্রচারপত্রও বিতরন করা হয়। **'আলোর স্মরণে কাটুক আঁধার '** অনুষ্ঠান পরিকল্পনায় ছিলেন নারীপক্ষ'র সদস্য - রওশন আরা, গীতা দাস, নাজমা বেগম ও ফরিদা ইয়াছমিন।

ii) <u>মুক্ত ফোরাম ও বিশেষ আলোচনা</u>

১০ বৈশাখ ১৪০৯/২৩ এপ্রিল ২০০২ তারিখ, 'প্রবীনের স্মৃতিরোমন্থন: বাঙ্গালীর অবিস্মরনীয় মুক্তিযুদ্ধ' বিষয়ে আলোচক ছিলেন ডঃ শামসুল হক, সহকারী অধ্যাপক, মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

২০ ফাল্গুন ১৪০৯/4 মার্চ ২০০৩ তারিখ, 'জেন্ডার ও ইসলামিক আইন' বিষয়ে আলোচক ছিলেন ডঃ বোস্ড্রন হীরজী অধ্যাপক, ডসন কলেজ, মন্ট্রীয়াল, কানাডা।

iii) আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিবাদ দিবস পালন

প্রতি বছরের মত এবারও ২৫শে নভেম্বর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিবাদ দিবস পালিত হয়। এ বছরের প্রতিপাদ্য বিষয় ছিল **'পরিবারে নারী নির্যাতন'**। নারীপক্ষ নেটওয়ার্ক প্রকল্পের মাধ্যমে ঢাকাসহ বাংলাদেশের ৬৪টি জেলায় একই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে দুর্বার এর সদস্য সংগঠনরা দিবসটি পালন করেছে। দেশ ব্যাপী একই প্রচারপত্র বিতরন করা হয়।

iv) ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস

আন্তর্জাতিক নারীদিবস উদ্‌যাপন কমিটির সাথে নারীপক্ষ ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন করে। এ উপলক্ষ্যে ঢাকায় একটি মিছিল ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এবারের নারী দিবসের প্রতিপাদ্য বিষয় ছিল **'নিরাপত্তা-নারীর অধিকার'**। সকাল ৮:৩০মি: সংসদ ভবনের সামনে মানিক মিয়া এভিনিউতে শত শত নারী মিছিলের জন্য জমায়েত হয়। মিছিলটি সকাল ৯:০০টায় মিরপুর সড়ক দিয়ে পান্থপথ হয়ে পান্থকুঞ্জে শেষ হয়। এক হাজারেরও বেশি নারী এতে অংশগ্রহণ করেন। পান্থকুঞ্জে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে কর্মসূচী শেষ হয়। বাংলাদেশের আরো ১৬টি স্থানে একই প্রতিপাদ্য বিষয়ে দিনটি উদ্‌যাপনের আয়োজন করে কমিটির বিভিন্ন সদস্য সংগঠন।

২) <u>প্রশিক্ষণ ও কর্মশালা</u> ঃ

(i) নারীপক্ষ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ ও কর্মশালা

- গত ২৮ জুলাই থেকে ৩ আগস্ট ২০০২ Women, Law & Development International (WLDI) এর International Human Rights Advocacy বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করে নারীপক্ষ সাভার গণস্বাস্থ্য কেন্দ্রে। উল্লেখ্য যে উক্ত কর্মশালায় ১১ টি দেশ থেকে মোট ১৯ জন অংশগ্রহণ করে। এতে নারীপক্ষ থেকে শিরীন হক প্রশিক্ষক হিসেবে এবং ইউ.এম. হাবিবুন নেসা, রীনা রায় ও মাহীন সুলতান অংশগ্রহণকারী ছিলেন। শিরীন হক সমন্বয়কারী ও নাজমা বেগম সহ-সমন্বয়কারী

হিসেবে কাজ করেছেন। কর্মশালা ব্যবস্থাপনার জন্য WLDI নারীপক্ষকে পারিশ্রমিক বাবদ ২,৩০,০০০/- টাকা প্রদান করে।

- ১৯ - ২০ অক্টোবর ২০০২ "Human relationship and interpersonal communication" বিষয়ে নারীপক্ষ'র সদস্য সাফিয়া আজীম কুমিল-ার মতলব থানায় ICDDRB- এর প্যারামেডিকদের প্রশিক্ষণ প্রদান করেন।
- ১৩ - ১৪ নভেম্বর ২০০২ দিনাজপুরে জাতিগত সংখ্যালঘুদের নিয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাটি গীতা দাস, রওশন আরা বেবী, ফরিদা ইয়াছমিন ও জাহানারা খাতুন পরিচালনা করেন।
- নারীপক্ষ ICDDRB এর জেন্ডার ইকুয়ালিটি কমিটির সদস্যদের জন্য ১ - ২ ফেব্রুয়ারী ২০০৩ জেন্ডার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে। এতে মাহীন সুলতান ও রীনা রায় প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালন করেন। নারীপক্ষ থেকে পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন ফরিদা ইয়াছমিন ও সামিয়া আফরিন। এই প্রশিক্ষণের জন্য ICDDRB নারীপক্ষ'কে পারিশ্রমিক বাবদ ১,৭৫,০০০/- টাকা প্রদান করে।

- **নারীপক্ষ'র সাংগঠনিক শক্তি বৃদ্ধিমূলক পদক্ষেপ**

  - ❖ ২৬ পৌষ ১৪০৯/৮ ফেব্রুয়ারী ২০০৩ নারীপক্ষ কার্যালয়ে এডভোকেসী বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করে রীনা রায়, মাহীন সুলতান ও হাবিবুন নেসা। প্রশিক্ষণে অংশগ্রহণ করেন নারীপক্ষ'র সদস্য ও কর্মী মিলে মোট ১৪ জন।

  - ❖ গত সেপ্টেম্বর ২০০২ আহবায়কের উদ্যোগে সাংগঠনিক কাঠামো, ব্যবস্থাপনা ও কার্যাবলী পর্যালোচনা করে ভবিষ্যৎ পরিকল্পনা ও প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার জন্য একটি প্রক্রিয়া শুরু করা হয়। এই প্রক্রিয়ায় বিনা পারিশ্রমিকে সহযোগিতা করেছেন নারীপক্ষ'র শুভাকাঙ্খী ব্যবস্থাপনা বিশেষজ্ঞ ফারুক হায়দার।

  - ❖ ২১ সপ্টেম্বর ২০০২ নারীপক্ষ'র প্রাক্তন আহবায়কদের নিয়ে একটি দিনব্যাপী সভা পরিচালনা করেন আহবায়ক।

ii) নারীপক্ষ'র কর্মী ও সদস্যদের বাংলাদেশে বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ।

- ৭ - ৯ সেপ্টেম্বর ২০০২ - অক্সফাম -জিবি এর ঢাকায় অনুষ্ঠিত হিসাব বিষয়ক কর্মশালায় নারীপক্ষ'র কর্মী মোক্তার আরেফীন অংশগ্রহণ করেন।
- ১৭ নভেম্বর ২০০২ - ঢাকায় আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (IOM) আয়োজিত National Consultation Workshop on Labour Migration Process এ ইউ.এম হাবিবুন নেসা অংশগ্রহণ করেন।
- ২৬ নভেম্বর ২০০২ ঢাকায় সিরডাপ মিলনায়তনে National Dialogue on PRSP and Gender এর আয়োজিত সভায় মাহীন সুলতান রিসোর্স পারসন হিসেবে অংশগ্রহণ করেন।
- ১২ - ২৪ ডিসেম্বর ২০০২ ঢাকায় Marital and Family Therapy বিষয়ক প্রশিক্ষণে সাফিয়া আজীম অংশগ্রহণ করেন।
- ১৭ ডিসেম্বর ২০০২ – UNICEF Bangladesh কর্তৃক আয়োজিত State of the World Children Report 2003 এর প্রকাশনা উৎসবে মাহবুবা মাহমুদ অংশগ্রহণ করেন।
- ২৬ - ৩০ ডিসেম্বর ২০০২ ঢাকায় Bangladesh Freedom Foundation এর FOWSIA কর্মসূচি আয়োজিত–"Security of the Marginalized Women" সংক্রান্ত কর্মশালায় হাবিবুন নেসা অংশগ্রহণ করেন।

- ৬ জানুয়ারী ২০০৩ Action Against Trafficking and Sexual Exploitation of Children (ATSEC) Bangladesh Chapter - আয়োজিত সেমিনারে নারীপক্ষ থেকে রওশন আরা অংশগ্রহণ করেন।
- ২ ফেব্রুয়ারী ২০০৩ Power and Participation Research Center (PPRC) আয়োজিত How is the Governance Agenda Best Served বিষয়ক সভায় নারীপক্ষ থেকে শিরীন হক অংশগ্রহণ করেন।
- ৩ ফেব্রুয়ারী ২০০৩ - Consumers Association of Bangladesh (CAB) এর বৈঠকে অংশ গ্রহণ করেন পরিবীক্ষণ প্রকল্পের কর্মী সামছুল আহসান।
- ২৩ ফেব্রুয়ারী ২০০৩ - স্বাস্থ্য অধিদপ্তরে ২০০৩ - ২০০৪ সালের জন্য স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বৈঠকে নারীপক্ষ থেকে সামিয়া আফরীন ও নাজমা বেগম অংশগ্রহণ করেন।
- ২০ ফেব্রুয়ারী ২০০৩ ঢাকা মেডিকেল কালেজ হাসপাতালে অবস্থিত ওয়ান ষ্টপ ক্রাইসিস সেন্টার (ও,সি,সি) এর সমন্বয় এবং কার্যক্রমের মূল্যায়ন সভায় নারীপক্ষ থেকে সাফিয়া আজীম অংশগ্রহণ করেন।

iii) <u>বাংলাদেশের বাইরে নারীপক্ষ'র সদস্যদের বিভিন্ন সভা, প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ ঃ</u>

- ২২ - ২৭ এপ্রিল ২০০২ হং কং এ অনুষ্ঠিত Human Rights Education Consultation বিষয়ক কর্মশালায় কামরুন নাহার অংশগ্রহণ করেন।
- ২০ - ২২ মে ২০০২ কুয়ালালামপুর, মালয়েশিয়ায় কমনওয়েলথ সেক্রেটারিয়েট আয়োজিত "Asia Regional Workshop on Strengthening Partnerships for Eliminating Gender-based Violence" এ শিরীন হক অংশগ্রহণ করেন।
- ৪ - ৮ জুন কানাডার ভিক্টোরিয়ায় অনুষ্ঠিত স্তন ক্যান্সার সংক্রান্ত বিশ্ব সম্মেলনে শামসুন নেসা অংশগ্রহণ করেনে।
- ২ - ২৮ জুন ২০০২ থাইল্যান্ড এ অনুষ্ঠিত "প্রকল্প ব্যবস্থাপনা প্রশিক্ষণ" এ মাহবুবা মাহমুদ অংশগ্রহন করেন।
- ২৮ জুলাই - ৮ আগস্ট ২০০২ মালয়েশিয়ায় অনুষ্ঠিত ARROW কর্তৃক আয়োজিত Regional Information and Communication Strategy বিষয়ক কর্মশালায় সামিয়া আফরীন অংশগ্রহণ করেন।
- ৩০ জুলাই - ১ আগস্ট ২০০২ ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত APWLD আয়োজিত Gender and Identity Based Politics বিষয়ক কর্মশালায় পারভীন হাসান অংশগ্রহণ করেন।
- ৩০ - ৩১ আগস্ট ২০০২ শ্রীলংকায় অনুষ্ঠিত APWLD -এর Regional NGO Consultations with the United Nations Special Rapporteur for Violence Against Women– এ রুবী গজনবী অংশগ্রহণ করেন।
- ১ আগস্ট - ২ সেপ্টেম্বর ২০০২ শ্রীলংকায় অনুষ্ঠিত APWLD এর VAW Task Forc-এর সভায় রুবী গজনবী অংশগ্রহণ করেন।
- ২ - ২০ সেপ্টেম্বর ২০০২ রোকেয়া আহমেদ নেদারল্যান্ডে Royal Tropical Institute এ অনুষ্ঠিত "Gender, Citizenship & Governance" বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।
- ১২ - ১৪ সেপ্টেম্বর ২০০২ শ্রীলংকায় UNIFEM আয়োজিত সিডো বিষয়ক দক্ষিন এশিয়া আঞ্চলিক কর্মশালায় মাহীন সুলতান অংশগ্রহণ করেন।
- ১৩ - ১৭ অক্টোবর ২০০২ ভারতের কেরালা রাজ্যের কোচীন শহরে "Gender, Citizenship and Governance" সম্মেলনে রওশন আরা, সামিয়া আফরীন, নাজমুন নাহার ও মনীষা মজুমদার অংশগ্রহণ

করেন। হাবিবুন নেসা ১৪ - ২১ অক্টোবর উক্ত কর্মশালায় অংশ নেন। শিরীন হক এ সম্মেলনে সহায়তাকারীর ভূমিকা পালন করেন।

- ৫ - ১০ নভেম্বর ২০০২ থাইল্যান্ডে অনুষ্ঠিত যৌন কর্মীদের দ্বারা নির্মিত ভিডিও উৎসবে মাহবুবা মাহমুদ অংশগ্রহণ করেন।
- নভেম্বর ২০০২ চীনের রাজধানী বেইজিং-এ অনুষ্ঠিত Domestic Violence Against Women কর্মশালায় সাফিয়া আজীম অংশগ্রহণ করেন।
- ১১ - ২৯ নভেম্বর ২০০২ নেদারল্যান্ডে Royal Tropical Institute এ Gender and Development সংক্রান্ত প্রশিক্ষণে মাহমুদা গিনি অংশগ্রহণ করেন।
- WLDI এর দ্বিতীয় প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয় ব্রাজিলে সাওপাওলোতে ২ নভেম্বর থেকে ১০ নভেম্বর ২০০২। এতে অংশগ্রহণ করেন রীনা রায়, মাহীন সুলতান ও হাবিবুন নেসা।
- ২১ - ২২ জানুয়ারী ২০০৩ জেনেভায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা আয়োজিত “Multi Partner Consultation Workshop on Sex Worker and HIV/AIDS” এ মাহবুবা মাহমুদ অংশগ্রহণ করেন।
- ৩১ জানুয়ারী -১ ফেব্রুয়ারী ২০০৩ Geneva Institute of Development আয়োজিত “Gender, Globalization and Governance" বিষয়ক Colloquium -এ রীনা সেনগুপ্তা জিসিজি স্বাস্থ্য প্রকল্পের উপর প্রতিবেদন উপস্থাপন করেন।
- ১ - ৭ জানুয়ারী ২০০৩ জনগণের স্বাস্থ্য আন্দোলন (PHM) এর দলভুক্ত হয়ে হায়দারাবাদে Asia Social Forum এ স্বাস্থ্য দলের সদস্য নাজমা বেগম, সামিয়া আফরীন ও জাকিয়া বেগম অংশগ্রহণ করেন।
- ৮ - ১১ ফেব্রুয়ারী ২০০৩ মালয়েশিয়ায় অনুষ্ঠিত Pesticide Action Network (PAN AP) এর Taskforce on Women in Agriculture এর সভায় শামসুন নেসা অংশগ্রহণ করেন।
- ২২ - ২৮ ফেব্রুয়ারী ২০০৩ WLDI এর তৃতীয় প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয় তানজানিয়ার রাজধানী দার উস সালাম এ। অংশগ্রহণ করেন রীনা রায়, মাহীন সুলতান ও হাবিবুন নেসা।
- ৪ মার্চ ২০০৩ নিউ ইয়র্কে জাতিসংঘে Commonwealth Secretariat আয়োজিত জেন্ডার ও দারিদ্র বিমোচন সংক্রান্ত ডঃ নায়লা কবীরের বই এর প্রকাশনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিরীন হক।

৩) আন্দোলন কর্মসূচী ঃ

i) ২৯ চৈত্র, ১৪০৯/ ১২ এপ্রিল ২০০২ শুক্রবার বিকাল ৩.৩০ মিনিটে কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে ফিলিস্তিনিদের উপরে আগ্রাসনের বিরুদ্ধে নারীপক্ষ একটি প্রতিবাদ অবস্থানের আয়োজন করে ও ফিলিস্তিনী জনগনের ন্যায্য অধিকার সমূহের পক্ষে স্বাক্ষর সংগ্রহ করা হয়। মোট সংগৃহীত স্বাক্ষরের সংখ্যা ছিল ১,৫০০। এগুলো ইউ.এন.ডি.পি’র ঢাকা কার্যালয়ের মাধ্যমে জাতিসংঘে মেরী রবিনসন এর নামে পাঠান হয়।

ii) ৭ আষাঢ় ১৪০৯/২০ জুন ২০০২ বুয়েটের ছাত্রী সাবেকুন নাহার সনি হত্যার প্রতিবাদে মানব বন্ধন ও স্বাক্ষর গ্রহণ কর্মসূচীতে নারীপক্ষ অংশগ্রহণ করেছে।

iii) ঢাকা বিশ্ববিদ্যালয় শাসসুন নাহার হলের সাধারণ ছাত্রীদের উপর পুলিশের বেধড়ক লাঠিচার্জের প্রতিবাদে কর্মসূচী নেয়া হয় যেমন - সংহতি প্রকাশ, পুলিশ মহাপরিদর্শক বরাবর স্মারকলিপি প্রদান, অনশনরত ছাত্র-ছাত্রীদের জন্য সেলাইন সরবরাহ ও ১,৩০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয় ব্যক্তিগত অনুদান।

iv) ভারতের গুজরাটে ভয়াবহ সাম্প্রদায়িক সহিংসতার শিকার জনগোষ্ঠির পাশে যেসব ভারতীয় সংগঠন দাঁড়িয়েছিলেন তাদের মাধ্যমে নারীপক্ষ সহিংসতার শিকার জনগোষ্ঠিকে সহমর্মিতা জানিয়েছে।

v) ১০ ফাল্গুন ১০০৯/২২ ফেব্রুয়ারী ২০০৩ শাহবাগ গোল চত্তর মোড়ে বিকেল ৪:০০ - ৬:০০ পর্যন্ত ইরাকের বিরুদ্ধে সম্ভাব্য যুদ্ধের হুমকির প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ' করা হয়। এ সমাবেশে বিভিন্ন সংগঠনের প্রায় ২৫০ লোক ফেষ্টুন, প-্যাকার্ড ও ব্যানার নিয়ে অবস্থান করেন।

vi) ৫ চৈত্র ১৪০৯/১৯ মার্চ ২০০৩ জাতীয় ঈদগাহ মাঠের সামনের গেটে ইরাকে মার্কিনী ও বৃটিশ হামলার প্রতিবাদে প্রতীকী অবস্থান করা হয় বিকাল ৪:০০টা থেকে ৫:৩০টা পর্যন্ত।

৪) <u>নতুন প্রকল্প গ্রহণ ঃ</u>

বৃটিশ কাউন্সিলের সহায়তায় হেলপ-লাইন প্রকল্প চালু করা হয়েছে। প্রকল্প সমন্বয়কারীর দায়িত্ব পালন করছেন সাফিয়া আজীম ও ইউ এম হাবিবুন নেসা। প্রকল্পের মাধ্যমে নারীদের আইনী ও মানসিক সহায়তা দেয়া হয়। প্রকল্পটির মেয়াদ আগস্ট ২০০২ - জুলাই ২০০৩।

৫) <u>শোক বার্তা ও শোক সংবাদ ঃ</u>

সদস্য ঃ

নারীপক্ষ'র রাজশাহীর সদস্য আজিজা বেগম মারা গেছেন। মনোয়ারা বেগম -এর বোনের স্বামীর মৃত্যুতে, মাহবুবা মাহমুদ এর খালাত বোনের স্বামীর মৃত্যুতে, সালমা হকের বাবার মৃত্যুতে, ভগবতী ঘোষের মায়ের মৃত্যুতে, শামসুন নেসার চাচার মৃত্যুতে, শামসুন নাহারের বাবার মৃত্যুতে, জাহানারা খাতুনের বাবার মৃত্যুতে ও সাফিয়া আজীম, ফিরদৌস আজীম, তাসনীম আজীমদের দাদীর মৃত্যুতে শোকবর্তা দেয়া হয়।

সিগমা হুদা ও খুশী কবীরের বাবার মৃত্যুতে শোক বার্তা দেয়া হয়।

৬) <u>সদস্য সংবাদ</u>

রীতা দাশ রায়, কামরুন নাহার ও সালমা হকের ছেলে হয়েছে, সীনা আক্তারের মেয়ে হয়েছে। ইউ.এম হাবিবুন নেসা Save the Children UK তে, রীনা রায় CARE এর "মানুষের জন্য" প্রকল্পে, ফজিলা বানু SDC'র সুনামগঞ্জ প্রকল্পে, ফিরদৌস আজীম ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে, নাসরীন হক এ্যাকশন এইডে নতুন চাকুরীতে যোগ দিয়েছে। শিরীন হক ডেনমার্ক দূতাবাস থেকে দুই বৎসর ছুটি শেষে মার্চ ২০০৩ পুন: যোগদান করেছে।

৭) <u>সদস্যদের বিশেষ অর্জন</u>

- রুবী গজনবী - Craft Development Revival of Nature এর উপর জাতীয় পুরস্কার পেয়েছেন।
- পারভীন হাসান লন্ডনের Victoria and Albert Museum আয়োজিত ২০০২ Zucker Lecture নামক বার্ষিক বক্তৃতায় মোঘল আর্ট এর উপরে বক্তৃতা করেন।